

স্মার্ট প্রযুক্তি বিকাশে বাংলাদেশকে কারিগরি সহায়তা প্রদানে ফ্রান্সের গভীর আগ্রহ প্রকাশ

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি খাতের বিকাশে ফ্রান্স বাংলাদেশকে কারিগরি ও প্রযুক্তিগত সহায়তা প্রদানে আগ্রহ ব্যক্ত করেছে, বলেছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি।

বাংলাদেশে ফ্রান্সের রাষ্ট্রদূত মেরি মাসদুপুই (MARIE MASDUPUY) আজ সোমবার বাংলাদেশ সচিবালয়ে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি এর সাথে তার দপ্তরে সৌজন্য সাক্ষাতকালে এ আগ্রহের কথা ব্যক্ত করেন।

সাক্ষাতকালে, তারা দ্বিপাক্ষিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিশেষ করে টেলিযোগাযোগ ও স্মার্ট প্রযুক্তি সম্প্রসারণ ও অগ্রগতি সম্পর্কে মতবিনিময় করেন। জনাব জুনাইদ আহমেদ পলক বাংলাদেশ ও ফ্রান্স বন্ধু-প্রতীম দুই দেশের মধ্যকার বিদ্যমান চমৎকার সম্পর্ক তুলে ধরে বলেন, ফ্রান্স বাংলাদেশের গুরুত্বপূর্ণ উন্নয়ন অংশীদার এবং অকৃত্রিম বন্ধু। তিনি বলেন, প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় এর পরামর্শ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদৃষ্টিসম্পন্ন ও গতিশীল নেতৃত্বে বাংলাদেশ গত ১৫ বছরে ডিজিটাইজেশনে বিস্ময়কর সফলতা অর্জিত হয়েছে। এরই ধারাবাহিকতায় বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর সফল উৎক্ষেপণ বর্তমান সরকারের অন্যতম অর্জন। এর মাধ্যমে বাংলাদেশ পরিণত হয়েছে স্যাটেলাইট ক্লাবের ৫৭তম গর্বিত সদস্য। দেশের দ্বিতীয় স্যাটেলাইট বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণে আমরা কাজ করছি। প্রতিমন্ত্রী বলেন, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি খাতসহ বিভিন্ন খাতে সরকারের অগ্রগতি বিশ্বের অনুকরণীয় দৃষ্টান্ত। তিনি বলেন, বাংলাদেশ বিনিয়োগের জন্য অত্যন্ত লাভজনক একটি জায়গা। তাই সরকারের বিনিয়োগ বান্ধব নীতি কাজে লাগিয়ে টেলিযোগাযোগ খাতে ফ্রান্স বিনিয়োগে এগিয়ে আসবে বলে তিনি প্রত্যাশা করেন। ফ্রান্স ২০৪১ সালে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে দক্ষতা শেয়ারিং, সক্ষমতা বৃদ্ধি, স্মার্ট বাংলাদেশ" উদ্যোগের সাথে জড়িত বাংলাদেশী কর্মকর্তা, নীতিনির্ধারক এবং পেশাদারদের জন্য প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ, উদ্ভাবন, গবেষণা সহযোগিতা, ফরাসি ও বাংলাদেশী গবেষণা প্রতিষ্ঠান এবং বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ গবেষণা উদ্যোগ গ্রহণ, উভয় দেশের স্টার্টআপ, গবেষক এবং বিশেষজ্ঞদের একত্রিত করে অত্যাধুনিক প্রযুক্তি নিয়ে কাজ করতে পারে বলে তিনি উল্লেখ করেন। এসময় বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণের মাধ্যমে স্যাটেলাইট যুগে বাংলাদেশের প্রবেশে এবং টেলিযোগাযোগ ও আইসিটি খাতের উন্নয়নে ফ্রান্সের ভূমিকারও প্রশংসা করেন প্রতিমন্ত্রী।

রাষ্ট্রদূত বাংলাদেশ ও ফ্রান্সের মধ্যকার ঐতিহাসিক সম্পর্ককে আগামী দিনগুলোতে অনন্য এক উচ্চতায় নিয়ে যেতে তার প্রচেষ্টার কথা ব্যক্ত করেন। রাষ্ট্রদূত মেরি মাসদুপুই বাংলাদেশের অব্যাহত অগ্রগতি বিশেষ করে স্মার্ট প্রযুক্তি খাতের অগ্রগতির প্রশংসা করেন।

স্বাক্ষরিত//

ম. শেফায়েত হোসেন/ পিআরও/ ০১৫৫০১৫৩৬২৩